

## তোমাকেই বলছি

তুমিই খেলেছিলে, তুমিই পুরোপুরি,  
আমরা মিলেমিলে আপাদমস্তক,  
সন্মানে পাশাপাশি, ঢোকো - ছক্কায়।

আমরা হাততালি, আমরা পরিভব,  
আগুন মহামারী খরাতে বন্যায়  
সমানে পিঠে হাত, সামনে কাঁধে কাঁধ।

যেদিন ভেসে গেছে, জানি যে ফিরবে না,  
কচিং ছবি তরু মূর্খ পর্দাতে  
আকস্মিক কোনও চ্যানেল - চর্চায়।

তখনই মনে হয়, এ কার প্রতিরূপ!  
চোখের সামনে যা চোখ তা দেখছে না,  
খুঁজছে আঁতিপাতি, তন্নতন্ন

ভূর কুঞ্জে, চোখের ইশারায়  
কোথায় ঘুণপোকা ভাঙছে কুরেকুরে  
সজীব মূর্তিকে লক্ষ টুকরোতে।

প্রণব কুমার মুখোপাধ্যায়

